

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 13-04 -2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

ADC vote :

এডিসি নির্বাচনে ভোট পড়ল ৮৩ দশমিক ৫২ শতাংশ। গতকাল গভীর রাতে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, মোট ভোট দিয়েছেন ৭ লক্ষ ৯৪ হাজার ৭৭৯ জন। মহিলা ভোটার ছিলেন ৩ লক্ষ ৯৯ হাজার ৭৯৯ জন। পুরুষ ভোটার ছিলেন ৩ লক্ষ ৯৪ হাজার ৯৭৯ জন। একজন অন্য শ্রেণীর লোক ভোট দিয়েছেন। সবচেয়ে বেশি ভোট পড়েছে পূর্ব মুহুরিপুর – বুরাতলি কেন্দ্রে ৮৯ দশমিক ৯১ শতাংশ। সবচেয়ে কম ভোট পড়েছে দামছড়া জম্পুই কেন্দ্রে ৬৯ দশমিক ০৯ শতাংশ।

ADC Election Vote party:

ADC নির্বাচনে ভোট গ্রহণের পর ভোট কর্মীর দল গতকাল রাতে যার যার নির্দিষ্ট স্থানে রুমে ফিরে এসেছে। রাজ্যপুলিশের সদর কার্যালয় থেকে আজ সকালে এই সংবাদ জানা গেছে।

ADC-Election :

কয়েকটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া গতকাল এডিসি নির্বাচনে ভোটগ্রহণ ছিল শান্তিপূর্ণ। কড়া নিরাপত্তার মধ্য দিয়ে গতকাল সকাল সাতটা থেকে এডিসির

২৮টি আসনে ভোট গ্রহণ শুরু হয়। ভোটারদের দীর্ঘ লাইন থাকায় নির্ধারিত সময়ের পরেও ভোট গ্রহণ করা হয়। বহু আসনেই ভোটাররা উৎসবে মেজাজে ভোট দিয়েছেন। এই নির্বাচনে মোট ১৭৩ জন প্রার্থীর ভাগ্য নির্ধারণ করা হয়েছে।

BJP-Press Meet :

এডিসি নির্বাচনে উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে ভোটাধিকার প্রয়োগ করায় নির্বাচক মন্ডলীকে অভিনন্দন জানিয়েছেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য। পাশাপাশি তিনি রাজ্য নির্বাচন কমিশন, এডিসি নির্বাচনের কাজে যুক্ত সংশ্লিষ্ট সবাই, পুলিশ ও নিরাপত্তা কর্মীদেরও অভিনন্দন জানিয়েছেন।

Vote-LOP :

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী অভিযোগ করেন সকাল ১১টা পর্যন্ত সারা রাজ্যে ভোটগ্রহণ মোটামুটিভাবে শান্তিপূর্ণ থাকলেও বেশ কয়েকটি বুথে শাসক দলের কিছু সমর্থক অশান্তির চেষ্টা করে। কয়েকটি ভোট কেন্দ্রে বামফ্রন্ট প্রার্থীদের চুকতে বাধা দেয়। বেশ কিছু ভোট কেন্দ্রে সিপিআইএম-এর পোলিং এজেন্টদের বের করে দেওয়া হয়। পরে পুলিশ প্রশাসনের হস্তক্ষেপে এজেন্টরা পুনরায় ভোটকেন্দ্রে বসার সুযোগ পান।

ADC-Election-Pradyut :

এডিসি নির্বাচনে ব্যাপক অংশের ভোটার ভোটদানে এগিয়ে আসায় তিপরা মথা দলের প্রতিষ্ঠাতা প্রদ্যোৎ কিশোর দেববর্মা, নির্বাচক মন্ডলীকে অভিনন্দন

জানিয়েছেন। গতকাল সন্ধ্যায় আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, রাজ্যের ভোটাররা রাজনৈতিকভাবে সচেতন, ফলে তারা তাদের ভোটাধিকার সম্পর্কেও যথেষ্ট সচেতন ছিল।

Charitra Sankranti:

আগামীকাল চৈত্র সংক্রান্তি। ১৪৩২ বঙ্গাব্দের শেষ দিন। নতুন বছর ১৪৩৩ বঙ্গাব্দকে স্বাগত জানাতে প্রস্তুতি এখন ঘরে ঘরে। ঝাড়পোঁছ চলছে। নতুন হালখাতা চালুর উদ্দেশ্যে বহু দোকানে ও ব্যবসা প্রতিষ্ঠানেও ঝাড়পোঁছ চলছে। রাজ্যের জাতি-জনজাতি অংশের কাছে আজকের দিনটিও বিশেষ এক দিন। আজ ১৪ ধরনের শাক ও তেঁতো খাওয়ার রীতি রয়েছে। জনজাতি অংশের জনগণ আজকের দিনটিকে হারবিষু হারবৈষু হিসাবে পালন করেন। চৈত্রের শেষে রিডাকশন সেলে কেনাকাটার জন্য গতকাল আগরতলার বাজার গুলোতে অনেক রাত পর্যন্ত ভিড় দেখা গেছে।

Late Asha Bhoslen

প্রখ্যাত সঙ্গীত শিল্পী আশা ভোঁসলের শেষকৃত্য আজ বিকাল ৪টায় মুম্বাইয়ের শিবাজি পার্কে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন করা হবে। গতকাল মুম্বাইয়ের

ব্রিচ ক্যান্ডি হাসপাতালে ৯২ বছর বয়সে শেষ নিঃস্বাস ত্যাগ করেন আশা ভোঁসলে। তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি, দ্রৌপদী মূর্মু, উপরাষ্ট্রপতি, সিপি রাধাকৃষ্ণান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শোক ও সমবেদনা জানিয়েছেন। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহাও শোক ও সমবেদনা জানিয়েছেন।

.Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। পশ্চিম ত্রিপুরা ও খোয়াই জেলায় কোথাও কোথাও বৃষ্টি ও সঙ্গে ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বা দমকা হাওয়া বয়ে যেতে পারে। এছাড়া অন্যান্য জেলাতেও ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্ক বার্তা দেওয়া হয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি। গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয় নি।
